বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ 07 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 1

(৬১)

### জগন্নাথ কলেজে বিরাট ছাত্র সমাবেশ

# শিক্ষার মান সমুন্নত রাখতে হবেঃ ফার্স্ট লেডী

ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ বলেছেন, জাতীয় উন্নয়ন শিক্ষা বিস্তারের ওপর অনেকাংশে নির্ভরশীল।

তিনি বলেন, শিক্ষা জাতির মেরুদন্ড এবং দেশের সমস্ত মানুষ শিক্ষিত হলেই কেবল জাতি প্রকৃত অর্থে অগ্রগতি অর্জন করবে।

তিনি জোর দিয়ে বলেন যে শিক্ষার প্রতি আগ্রহ সৃষ্টির প্রয়াস চালাতে হবে এবং তা সবার কাছে পৌঁছে দিতে হবে।

বাসস'র খবরে প্রকাশ, বেগম রওশন এরশাদ সোমবার সকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে এক বিরাট ছাত্র সমাবেশে ভাষণ দিচ্ছিলেন।


ফার্স্ট লেডী বলেন, সকল (শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ 07 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 1

(৬২)



ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ সোমবার ঢাকায় জগন্নাথ সরকারী কলেজে এক বিশাল ছাত্র সমাবেশে ভাষণ দেন

## ফার্স্ট লেডী

(প্রথম পৃঃ পর)

শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষাদানের উপযুক্ত পরিবেশ নিশ্চিত করতে হবে। তিনি শিক্ষক ও ছাত্রদের তাঁদের দায়িত্বের কথা স্মরণ করিয়ে দেন এবং বলেন, তাঁদের সম্মিলিত প্রয়াস ছাড়া সুষ্ঠু শিক্ষাদান হতে পারে না।

তিনি বলেন, শিক্ষিত ও দক্ষ ব্যক্তিরা হচ্ছেন দেশগঠন কার্যক্রমে প্রাথমিক সম্পদ। যোগ্য নাগরিক গড়ে তুলতে যেকোন মূল্যে শিক্ষার মান সমুন্নত রাখতে হবে, যাতে করে তাঁরা জাতীয় দায়িত্ব পালন করতে পারেন।

ফার্স্ট লেডী বলেন, আজকের ছাত্রদের মধ্যেই ভবিষ্যৎ উন্নয়নের বীজ সুপ্ত রয়েছে। তিনি বলেন, ছাত্রদের নিজেদের জ্ঞান আহরণে নিয়োজিত রেখে জাতীয় উন্নয়নে অবদান রাখতে পারে।

বেগম রওশন এরশাদ বন্যার সময়ে ছাত্রদের অবদানের কথা স্মরণ করেন এবং মানবতার প্রতি তাদের নিঃস্বার্থ সেবার জন্যে তাদের অভিনন্দন জানান।

যুবসমাজের মধ্যে মূল্যবোধের অবক্ষয় প্রসঙ্গে তিনি বলেন, এটা খুবই দুর্ভাগ্যজনক যে তারা মাদক দ্রব্যের প্রতি আসক্ত হচ্ছে। তিনি বলেন, সকলের সম্মিলিত প্রয়াসের মাধ্যমে যুবসমাজকে অবশ্যই সুঠিক পথে আনতে হবে।

ফার্স্ট লেডী সীমাবদ্ধতা সত্ত্বেও যুবসমাজের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন।

তিনি তাদের অভিভাবকদের মুখ উজ্জ্বল করার জন্যে ছাত্রদের জীবনে সাফল্য কামনা করেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরো ভাষণ দেন ঢাকা পৌর কর্পোরেশনের প্রশাসক এম এ মালেক এমপি, কলেজের অধ্যক্ষ সৈয়দ মাহতাব উদ্দিন এবং কলেজ ছাত্র সংসদের সহ-সভাপতি আলমগীর সিকদার লোটন ও সাধারণ সম্পাদক জাহাঙ্গীর সিকদার ছোটন।

কলেজ প্রাঙ্গণে পৌঁছলে বেগম রওশন এরশাদকে উষ্ণ সংবর্ধনা দেয়া হয় এবং তাঁকে বিপুলভাবে মাল্যভূষিত করা হয়। পরে তিনি কলেজ কর্তৃপক্ষের কাছে দু'টি বাসের চাবি হস্তান্তর করেন। ছাত্রদের ব্যবহারের জন্য ইতিপূর্বে তিনি তাদের কাছে এই বাস দেয়ার অঙ্গীকার করেছিলেন।